

ডুয়েটে নতুন ভিসিকে অবাঞ্ছিত ঘোষণা



ছবি: সমকাল

গাজীপুর প্রতিনিধি

প্রকাশ: ১৫ মে ২০২৬ | ১৯:৩৭



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (ডুয়েট) বাইরের শিক্ষককে উপাচার্য হিসেবে নিয়োগের প্রতিবাদে বিক্ষোভ করেছেন বিশ্ববিদ্যালয়টির শিক্ষার্থীরা। শিক্ষার্থীরা নবনিযুক্ত উপাচার্যকে অবাঞ্ছিত ঘোষণা করে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে একটি ব্যানারও টানিয়ে দিয়েছেন।

‘দাবি মোদের একটাই, ডুয়েট থেকে ভিসি চাই’- এমন স্লোগানে মুখর হয়ে ওঠে গাজীপুরে অবস্থিত ডুয়েট ক্যাম্পাস।

শুক্রবার জুমার নামাজের পর কেন্দ্রীয় মসজিদ প্রাঙ্গণ থেকে বের হওয়া শিক্ষার্থীদের মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে গিয়ে

থামে প্রধান ফটকে। পরে তারা ঢাকা-শিমুলতলী সড়ক অবরোধ করে বিক্ষোভে অংশ নেন। বৃহস্পতিবার মধ্যরাত পর্যন্ত একই দাবিতে বিক্ষোভ করে শিক্ষার্থীরা।

এর আগে, বৃহস্পতিবার বিকেলে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোহাম্মদ ইকবালকে বিশ্ববিদ্যালয়টির উপাচার্য হিসেবে নিয়োগ প্রদানের প্রজ্ঞাপন জারি করে সরকার। নিয়োগের প্রজ্ঞাপন জারির পরপরই তা প্রত্যাখ্যান করে একটি বিক্ষোভ মিছিল বের করেন তারা। শিক্ষার্থীরা তখন ঢাকা-শিমুলতলী সড়কে আগুন জ্বালিয়ে বিক্ষোভ করেন।

আন্দোলনরত শিক্ষার্থীরা জানান, ডুয়েট একটি বিশেষায়িত প্রকৌশল বিশ্ববিদ্যালয় হওয়ায় এখানকার একাডেমিক ও প্রশাসনিক কাঠামো সম্পর্কে অভ্যন্তরীণ শিক্ষকদের অভিজ্ঞতা ও ধারণা বেশি। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও প্রশাসনিক কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখতে ডুয়েটের জ্যেষ্ঠ ও যোগ্য শিক্ষকদের মধ্য থেকেই উপাচার্য নিয়োগ দেওয়া উচিত। তাদের দাবি, বাইরের কাউকে উপাচার্য হিসেবে নিয়োগ দিলে বিশ্ববিদ্যালয়ের স্বকীয়তা ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা বাস্তবায়নে জটিলতা তৈরি হতে পারে।

নবনিযুক্ত উপাচার্যের নিয়োগ বাতিল না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণাও দেন তারা। এদিকে শিক্ষার্থীরা ডুয়েটসংলগ্ন ঢাকা-শিমুলতলী সড়কে অবস্থান নিলে সড়কের উভয় পাশে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। পরে বেলা পৌনে ৩টার দিকে তারা অবরোধ তুলে ক্যাম্পাসে ফিরে গেলে যান চলাচল স্বাভাবিক হয়।

গাজীপুর মহানগর পুলিশের সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আমিনুল ইসলাম বলেন, ডুয়েটের শিক্ষার্থীরা নিজ বিশ্ববিদ্যালয় থেকে উপাচার্য নিয়োগের দাবিতে বিক্ষোভ করেছেন। একই দাবিতে তারা কিছু সময় ঢাকা-শিমুলতলী সড়কে অবস্থান নেন। পরে কর্মসূচি শেষ করে তারা ক্যাম্পাসে ফিরে যান।

বিষয় : বিশ্ববিদ্যালয় উপাচার্য